ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি.কামিল কেন্দ্র.জার্নাল.২০২২.ভলি-০১.০০৫.০০১৩৪ তারিখ: ০২ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল' প্রকাশের জন্য শিক্ষা, দর্শন, ভাষা ও সাহিত্য, ইতিহাস, সংস্কৃতি, সমাজ, রাষ্ট্র, মাদরাসা শিক্ষা ইত্যাদি বিষয়ে ইসলামি দৃষ্টিভঙ্গি অনুযায়ী গবেষণা প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। আগ্রহী গবেষকগণকে নিম্নে বর্ণিত ঠিকানায় ও ই-মেইলে (পিডিএফ ও ওয়ার্ড ফাইল) আগামী ১৬ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রবন্ধ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

## নিয়মাবলি

### ভাষা ও বানান রীতি

১. প্রবন্ধের ভাষা হবে বাংলা/আরবি/ইংরেজি। তবে অন্যান্য ভাষার উদ্ধৃতি প্রদান করা যাবে।
২. বাংলা ভাষায় রচিত প্রবন্ধের ভাষা হবে চলিত ভাষা।
৩. আল-কুরআনের বাংলা অনুবাদের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশন নির্দেশিত অনুবাদ অনুসরণ করতে হবে। তবে তা চলিত রূপে উপস্থাপন করতে হবে।
৪. প্রবন্ধ রচনার ক্ষেত্রে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করতে হবে।
৫. আরবি, উর্দু ও ফারসি প্রতিবর্ণায়নের ক্ষেত্রে ইসলামিক ফাউন্ডেশনের বানান-রীতি অনুসরণ করতে হবে।
৬. আল-কুরআন ও আল-হাদিস থেকে সরাসরি উদ্ধৃতির ক্ষেত্রে অবশ্যই হরকত দিতে হবে।
৭. ভিন্ন ভাষার উদ্ধৃতির ক্ষেত্রে প্রবন্ধ সংশ্লিষ্ট ভাষায় অনুবাদ দিতে হবে।
৮. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন হবে না। তবে প্রবন্ধকার কোনো বিশেষ বানান-বৈশিষ্ট্য রক্ষায় সচেষ্ট হলে তা অক্ষুণ্ন রাখা হবে।

### পাণ্ডুলিপি রচনা ও উদ্ধৃতি উপস্থাপন

১. উদ্ধৃতি উপস্থাপনের ক্ষেত্রে APA Style অনুসরণ করে প্রবন্ধ উপস্থাপন করতে হবে।
২. প্রবন্ধের ভেতরে অধ্যায় (Chapter) ও উপ-অধ্যায় (Sub-Chapter) থাকলে সেগুলো সংখ্যারীতি অনুসারে (১.; ১.১; ১.১.১/১. ক. খ. গ...) সাজাতে হবে।
৩. পাণ্ডুলিপি অবশ্যই লেখক/লেখকগণের মৌলিক গবেষণা (Original Research) হতে হবে।
৪. লেখার ভেতরে সারণি (Table), গ্রাফ ও চিত্র ইত্যাদি থাকলে সেগুলোর পর্যায়ক্রমিক নম্বর সন্নিবেশিত থাকতে হবে।
৫. টীকা ও বক্তব্যের উৎস স্বতন্ত্রভাবে উল্লেখ করতে হবে। মূল প্রবন্ধের লেখায় অতিরিক্ত টীকা (Note) প্রদানের প্রয়োজন হলে সংশ্লিষ্ট অভিধার উপর ঊর্ধ্বলেখায় (Superscript) নম্বর প্রদান করে (যেমন, ইসতিহসান[১]) অন্ত্য-টীকা' (end-note) হিসেবে প্রদান করতে হবে। তবে অন্ত্য-টীকার ফন্টের আকার হবে ১২। বক্তব্য ও উৎস উল্লেখের ক্ষেত্রে সরাসরি গ্রন্থ/প্রবন্ধ লেখকের নাম, প্রকাশকাল ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৬. মূলপাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতির ক্ষেত্রে মূল কবিতার পঙ্‌ক্তি-বিন্যাস রক্ষা করতে হবে।
৭. প্রবন্ধের টীকা এবং তথ্যসূত্র প্রবন্ধের শেষে সংযোজিত হবে।
৮. শুরুতে প্রবন্ধের উদ্দেশ্য, ব্যবহৃত গবেষণা পদ্ধতি ও প্রাপ্ত ফলাফল সম্পর্কে অনূর্ধ্ব ২০০ শব্দের মধ্যে ইংরেজিতে একটি সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। পাশাপাশি সারসংক্ষেপটি প্রবন্ধের ভাষায় অনুবাদ করতে হবে। সারসংক্ষেপের অব্যবহিত পরে ৫ (পাঁচ) টি মূলশব্দ (Keywords) উল্লেখ করতে হবে।
৯. প্রবন্ধে কোনো রকমের চৌর্যবৃত্তির (Plagiarism) আশ্রয় নেওয়া যাবে না। এটি প্রমাণিত হলে প্রবন্ধটি বাতিল বলে গণ্য হবে।
১০. প্রবন্ধে Paraphrase এবং Literature Review-এর ক্ষেত্রে মূলভাব অক্ষুণ্ন রেখে নিজস্ব ভাষা ব্যবহার করতে হবে।
১১. বাংলার জন্য বিজয় কি-বোর্ডের Sutonny MJ টাইপ/ফন্ট এবং ইংরেজির জন্য Time New Roman টাইপ/ফন্ট এবং আরবি টাইপ/ফন্টের ক্ষেত্রে Traditional Arabic ফন্ট ব্যবহার করতে হবে। কাগজের সাইজ হবে A4।
১২. বাংলা ও আরবি প্রবন্ধের শিরোনামের ইংরেজি অনুবাদ থাকতে হবে।
১৩. প্রবন্ধে লেখকের পেশাগত পরিচয়, প্রতিষ্ঠানের নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ফোন/মোবাইল নম্বর, ই-মেইলসহ) থাকতে হবে।

১৪. প্রত্যেক প্রবন্ধের সঙ্গে লেখককে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রবন্ধটি ইতঃপূর্বে অন্য কোনো জার্নালে মুদ্রিত হয়নি কিংবা প্রকাশের জন্য অন্য কোনো জার্নালে জমা দেওয়া হয়নি।


প্রবন্ধ পাঠানোর ঠিকানা
সম্পাদক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
(প্রশাসনিক ভবন-০৩, ৮ম তলা)
ওয়েস্ট ধানমন্ডি বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
ই-মেইল: kamilcenter.iau@gmail.com
মোবাইল: ০১৭১১-৮৭৪৮৯১


ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৬/০১/২৫


অধ্যাপক ড. মোহাম্মদ অলী উল্যাহ
সম্পাদক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল
ও
ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষা কেন্দ্র
মোবাইল: ০১৭১৬-২৮০৬২৮
ই-মেইল: dwaliiu@gmail.com


**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. শিক্ষক/কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ..............................................................(সকল)
২. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ফাজিল ও কামিল মাদরাসা (সকল)
(বিজ্ঞপ্তিটি তার মাদরাসার শিক্ষক/শিক্ষার্থী/গবেষকদের মাঝে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

স্মারক নং- ইআবি.কামিল কেন্দ্র.জার্নাল.২০২২.ভলি-০১.০০৫.০০১৩৪-(১৭) তারিখ: ০২ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ডিন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
২. চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ/আরবি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়/জগন্নাথ বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৩. চেয়ারম্যান, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি ভাষা ও সাহিত্য/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/আল-ফিকহ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ, ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৫. রেজিস্ট্রার, সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয় .................................................................. (সকল)
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৮. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৯. পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব), মাদরাসা পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১০. পিএস টু ভিসি, ভিসি দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)
১১. পিএস টু প্রো-ভিসি, প্রো-ভিসি দপ্তর-০১, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)
১২. পিএস টু প্রো-ভিসি, প্রো-ভিসি দপ্তর-০২, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)
১৩. সেকশন অফিসার, ট্রেজারারের কার্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ট্রেজারারের সদয় অবগতির জন্য)
১৪. সেকশন অফিসার, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৫. সেকশন অফিসার, জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
(তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৬. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
(তাকে বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৭. সংশ্লিষ্ট নথি

১৬-০১-২৫


(ড. ছিদ্দিকুর রহমান)
সেকশন অফিসার
মোবাইল: ০১৭১১-৮৭৪৮৯১
ই-মেইল: siddiqur.ru@gmail.com